দৈনিক খবর

তারিখ ২৮ AUG 1988
পৃষ্ঠা 1 কলাম 1



# শিক্ষকদের সমস্যা সমাধানকল্পে কমিটি গঠনে সম্মতি

বাসস জানায়, রাষ্ট্রপতি এরশাদ দেশের শিক্ষক সম্প্রদায়ের বিভিন্ন অসুবিধা ও সমস্যার প্রতি নজর রাখার জন্যে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি কমিটি গঠনে সম্মতি দিয়েছেন।

গতকাল শনিবার বঙ্গভবনে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাহী কমিটির এক বৈঠকে শিক্ষকদের সমস্যাবলী নিয়ে আলোচনার পর

## শিক্ষকদের সমস্যা

*প্রথম পৃষ্ঠার পর*

রাষ্ট্রপতি এ সম্মতি দেন। রাষ্ট্রপতি এরশাদ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান।

বৈঠকে রাষ্ট্রপতি এরশাদ শিক্ষকদের ঐক্যের ওপর গুরুত্বারোপ করেন এবং ফেডারেশনের কর্মতৎপরতা জোরদার করতে একটি সাংগঠনিক পরিকল্পনায় সম্মতি দেন। বৈঠকে ফেডারেশনের ঢাকা নগর কমিটি বিলুপ্তিও অনুমোদিত এবং একে আরো শক্তিশালী করার জন্যে একটি নয়া কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বৈঠকের আলোচনাকালে রাষ্ট্রপতি এরশাদ শিক্ষকদের সমস্যা সমাধানে সরকারের কাছ থেকে সম্ভাব্য সকল সহায়তার আশ্বাস দেন। এর আগে ফেডারেশনের অধীনে শিক্ষকদের ঐক্যবদ্ধ এবং তাদের সমস্যা সমাধানের উদ্যোগ নেয়ার জন্যে রাষ্ট্রপতিকে অভিনন্দন জানান ফেডারেশনের ভারপ্রাপ্ত মহাসচিব এ কে এম শহীদুল্লাহ।

বৈঠকে উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমেদ এবং শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদও উপস্থিত ছিলেন।